

বিদ্যালয় প্রধানের কলম থেকে

প্রিয় অভিভাবক / অভিভাবিকা

আমরা মনে করি—শিক্ষা বলতে বাঁধা ধরা ছকে কতকগুলি নতি সূত্র বা অক্ষর গলাধঃকরন নয়। শিক্ষার দ্বারা মানুষ নিজের মনের সেই আকাঙ্ক্ষার রূপ দেয় যার দ্বারা আদর্শ পূর্ণতা লাভ করে; মূর্তিমান হয়ে ওঠে। শিক্ষা মানুষের মনোজগতকে বড় করে ব্যক্তি সংসার এবং জগতের — কল্যান ঘটায়। এই দিন লিপিটির মধ্যে ছাত্রছাত্রীদের সমস্ত শিক্ষাবর্ষের একটা সুস্পষ্ট রূপরেখা দেওয়ার চেষ্টা করা হয়েছে, এবং শিক্ষক/শিক্ষিকা/প্রধানশিক্ষকের সহিত অভিভাবক/অভিভাবিকাগণের যোগসূত্র রাখার একটি উপায়।

অভিভাবক/অভিভাবিকাগণের প্রতি যখন কোন অনুরোধ বা তথ্য পাঠানো হবে, তখন যেন নির্দেশমত সত্ত্বর যোগাযোগ করেন।

বিদ্যালয় ছুটি থাকার ক্ষেত্রে আলাদা কোন নোটিশ না দেওয়া হলে, দিনলিপির ছুটির তালিকা অনুযায়ী বিদ্যালয় ছুটি থাকিবে।

কোন ছাত্র/ছাত্রী বিদ্যালয়ে অনুপস্থিত থাকলে বিদ্যালয়ে উপস্থিত হওয়ার দিন অতি অবশ্যই দিনলিপির নির্দিষ্ট কলম পূরণ করে অভিভাবককে পাঠাতে হবে।

বিদ্যালয় চলাকালীন কোন ছাত্র; ছাত্রীর ছুটির প্রয়োজন হলে অবশ্যই ডায়েরীতে নির্দিষ্ট জায়গায় বিবরণ সহ শ্রেণী শিক্ষকের অনুমতি নেওয়ার পরই প্রধান শিক্ষকের অনুমতি পাওয়া যাবে।

অভিভাবকগণ; অভিভাবিকাগণকে অনুরোধ করা যাচ্ছে যাতে বিদ্যালয়ের বিভিন্ন নোটিশ লক্ষ্য রাখেন।

বিদ্যালয় কর্তৃপক্ষের বিদ্যালয়ের প্রয়োজনে এই দিনলিপির পরিবর্তন পরিবর্ধন করার পূর্ণ অধিকার থাকবে। বিদ্যালয়ের উন্নতির জন্য আপনাদের সহযোগিতা ও মূল্যবান পরামর্শ সবসময় কাম্য।

বিদ্যালয় প্রধান